

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬২৯

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বন্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن) وَعَنْ أبِيْ الدَّرْداء رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ قال: ثلاثة يحبهم الله ويضحك إليهم ويستبشر بهم الذي إذا انكشفت فئة قاتل وراءها بنفسه لله عز وجل فإما أن يقتل وإما أن ينصره الله عز وجل ويكفيه فيقول انظروا إلى عبدي هذا كيف صبر لي بنفسه? والذي له امرأة حسنة وفراش لين حسن فيقوم من الليل فيقول يذر شهوته ويذكرني ولو شاء رقد، والذي إذا كان في سفر وكان معه ركب فسهروا ثم هجعوا فقام من السحر في ضراء وسراء. رواه الطبراني في الكبير

বাংলা

৬২৯. (হাসান) আবু দারদা (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "তিন ব্যক্তিকে আল্লাহ্ ভালবাসেন, তাদের কাজে হাসেন এবং তাদেরকে সুসংবাদ প্রদান করেনঃ

- ১) এক ব্যক্তি, যখন যুদ্ধের জন্য সৈনিকদল বের হয়, তখন সে তাদের সাথে থেকে নিজের জান বাজী রেখে আল্লাহর পথে লড়াই করে। হয় সে নিহত হয় অথবা আল্লাহ তাকে বিজয় দান করেন এবং তাকে বাঁচিয়ে দেন। আল্লাহ্ বলেন, দেখো আমার এই বান্দাকে কিভাবে নিজের জান বাজী রেখে আমার পথে ধৈর্য ধারণ করেছে?!
- ২) দ্বিতীয় ব্যক্তি, যার ঘরে আছে সুন্দরী স্ত্রী, আছে নরম ও সুন্দর বিছানা। সে রাত্রে উঠে নামায আদায় করে। আল্লাহ বলেন, সে নিজের খাহেশাতকে দমন করে আমাকে স্মরণ করছে। চাইলে সে শুয়ে থাকতে পারতো।
- ৩) তৃতীয় ব্যক্তি, যখন সে সফরে থাকে। তার সাথে সফর সঙ্গী আছে। তারা রাত জেগেছে এরপর শুয়ে পড়েছে। তখন সে শেষ রাতে উঠে আরামে থাকুক বা কষ্টে থাকুক নামায আদায় করেছে।"

(ত্বাবরানী [কাবীর গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন